গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

# সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৮

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎপরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

দেশের আর্থিক খাতের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করার জন্য প্রচলিত আইন ও বিধি-বিধান সংস্কারসহ তথ্য প্রযুক্তির যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে এ বিভাগ নিরন্তর কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এ লক্ষ্যে বিগত তিন বছরে এ বিভাগের আওতায় ৩টি আইন প্রণয়ন, ১১টি আইন সংশোধনসহ, ১৬টি বিধিমালা, ৫টি প্রবিধানমালা ও ১টি নীতিমালা প্রণয়ন করা হয়েছে। এছাড়া কৃষিঋণ বিতরণ, এজেন্ট /মোবাইল ব্যাংকিং, স্কুল ব্যাংকিং কার্যক্রমের মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধির উদ্যোগ নেয়া হয়েছে। এ সময়ে পুঁজিবাজারে বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে ৩৭টি কোম্পানিকে আইপিও, ১৩টি কোম্পানিকে রাইট ইস্যু, ১৫টি কোম্পানিকে বন্ড ও ডিভেঞ্চার এবং ৫টি কোম্পানিকে প্রেফারেন্স শেয়ার ইস্যুসহ ৩০৬টি প্রাইভেট লিমিটেড ও ২৩৪টি পাবলিক লিমিটেড কোম্পানিকে মোট ৪৩,৯২৮.০৩ কোটি টাকা মূলধন উত্তোলনের অনুমোদন দেয়া হয়েছে। বীমা শিল্প ব্যবসার তত্ত্বাবধান, বীমা পলিসি গ্রাহক ও পলিসির অধীনে উপকারভোগীদের স্বার্থ সংরক্ষণ এবং বীমা শিল্পের নিয়মতান্ত্রিক উন্নয়ন ও নিয়ন্ত্রণের লক্ষ্যে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি এর তত্ত্বাবধানে/আওতায় ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টি ও উন্নয়ন, কৃষিভিত্তিক শিল্প এবং তথ্য-প্রযুক্তি খাতে বিনিয়োগের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে ব্যাপক হারে উদ্যোক্তা ও কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

রাষ্ট্রমালিকানাধীন ব্যাংকসমূহে অধিক পরিমাণ শ্রেণিকৃত ঋণ; ব্যাংকিং সেবা বঞ্চিত বৃহৎ জনগোষ্ঠী; সরকারি ব্যাংকসমূহের গ্রাহকসেবার মানোন্নয়ন ও তথ্যপ্রযুক্তি ব্যবহারে সীমাবদ্ধতা; বীমা সম্পর্কে জনগণের আস্থাহীনতা এবং শেয়ারবাজারে ট্রেড পরবর্তী ক্লিয়ারিং সেটেলমেন্টে বিলম্ব এবং প্রশিক্ষিত বিনিয়োগকারীর অভাব।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

অধিক পরিমাণে ভালো ঋণ প্রদানের পাশাপাশি শ্রেণিকৃত ঋণ আদায়ের পরিমাণ বাড়ানো; প্রচলিত ব্যাংকিং সেবার পাশাপাশি মোবাইল ব্যাংকিং ও এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে ব্যাংকিং সেবাকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়া; সরকারি ব্যাংকের শাখাসমূহকে অটোমেশনের আওতায় আনা; বীমা বিষয়ে ব্যাপক প্রচার ও বীমাখাতে প্রশিক্ষিত দক্ষ জনবল সৃষ্টি এবং স্টক এক্সচেঞ্জসমূহের ট্রেড পরবর্তী ক্লিয়ারিং ও সেটেলমেন্ট কার্যক্রম সম্পন্নের জন্য একটি পৃথক ক্লিয়ারিং কোম্পানি প্রতিষ্ঠা ও দেশব্যাপি আর্থিক শিক্ষা (Financial Literacy) কার্যক্রম বাস্তবায়ন।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- সরকারি ব্যাংকসমূহের মাধ্যমে ১৯,৮৫৬ কোটি টাকা কৃষিঋণ ও ১২৮,০০০ কোটি টাকা এসএমই ঋণ এবং ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে ৮২,০০০ কোটি টাকা ক্ষুদ্রঋণ বিতরণের কার্যক্রম পরিচালনা;
- রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের ৩৭২৫টি (ক্রমপুঞ্জিভুত) শাখাকে অনলাইন সুবিধার আওতায় আনা;
- ২০০ হাজার কোটি টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে লেনদেনের সম্প্রসারণ;
- হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন আইন ও ফাইন্যান্স কোম্পানি আইনের খসড়া জাতীয় সংসদে প্রেরণ এবং মানিল্ডারিং প্রতিরোধ বিধিমালা ২০১৩ সংশোধনপূর্বক নতুন বিধিমালা প্রণয়ন;
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন বিধিমালা ২০০২, কর্পোরেট গভর্নেন্স গাইডলাইনস্ এর সংশোধন এবং পুঁজিবাজার বিষয়ক প্রাতিষ্ঠানিক শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন;
- বীমা কর্পোরেশন আইন প্রণয়ন এবং
- বীমা খাতের সাথে সংশ্লিষ্ট ১০০০ জন এবং পুঁজিবাজারের সাথে সম্পৃক্ত ১০০০ জনকে প্রশিক্ষণ প্রদান।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৭ সালের জুলাই মাসের ০৬ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

দক্ষ, অন্তর্ভুক্তিমূলক ও শক্তিশালী আর্থিক বাজার ও সেবা ব্যবস্থা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

নীতিগত ও প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালী করার মাধ্যমে আর্থিক বাজার ও সেবা ব্যবস্থার মান উন্নয়ন।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমুহে পেশাদারিত্ব এবং আর্থিক অন্তর্ভুক্তি ও শৃঙ্খলা শক্তিশালীকরণ
২. পুঁজিবাজারের কার্যকারিতা বৃদ্ধিকরণ
৩. বীমা খাতে অন্তর্ভুক্তি বৃদ্ধি ও শৃঙ্খলা সুসংহতকরণ
৪. সুনিয়ন্ত্রিত ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্প্রসারণ ও পরিচালনায় সহায়তা জোরদার করা

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা

**১.৪ কার্যাবলি (Functions)**

১. ব্যাংক, বীমা, পুঁজিবাজার ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট সেবা সম্পর্কিত নীতি, আইন, বিধি, প্রবিধি প্রণয়ন ও সংশোধন;
২. আর্থিক বাজার ও প্রতিষ্ঠান উন্নয়ন;
৩. আর্থিক খাতের নিয়ন্ত্রক প্রতিষ্ঠানসমূহের কাজের সমন্বয় সাধন;
৪. রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কার্যক্রমের সামগ্রিক পরিবীক্ষণ ও মূল্যায়ণ;
৫. পুঁজিবাজারে নতুন প্রোডাক্ট প্রচলনের মাধ্যমে বাজার সম্প্রসারণ ও উত্তম মৌলভিত্তিসম্পন্ন সিকিউরিটিজ সরবরাহ;
৬. বীমার আওতা বৃদ্ধির লক্ষ্যে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি এবং
৭. ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র বিমোচন।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | | |
| ব্যাংকিং খাতে অন্তর্ভুক্তি বৃদ্ধি | প্রাপ্ত বয়স্ক জনগণের (ক্রমপুঞ্জিভুত) অন্তর্ভুক্তির হার | % | ৭১.৩৯ | ৭৩.৫ | ৭৫.৫ | ৭৭.৫ | ৮০.০০ | বাংলাদেশ ব্যাংক ও তফসিলভুক্ত ব্যাংকসমূহ | বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদন এবং ওয়েবসাইট |
| রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের শ্রেণীকৃত ঋণের হার হ্রাস | শ্রেণীকৃত ঋণের হার | % | ২৫.৭৪ | ১৯.৪৬ | ১৫.০০ | ১২.০০ | ৯.৯০ | বাংলাদেশ ব্যাংক ও রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক | বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদন এবং ওয়েবসাইট |
| অধিকতর কার্যকর পুঁজিবাজার | পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানির হার বৃদ্ধি | % | ৩.২ | ৩ | ৪ | ৪ | ৫ | বিএসইসি, ডিএসই, সিএসই | বিএসইসি, ডিএসই এবং সিএসই এর বার্ষিক প্রতিবেদন এবং ওয়েবসাইট |
| বীমা খাতে আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি | বীমাপলিসি গ্রাহক সংখ্যা বৃদ্ধি | % | ৪ | ৪ | ৪.২৫ | ৪.৫০ | ৪.৭৫ | বীউনিক | বিউনিক এর বার্ষিক প্রতিবেদন এবং ওয়েবসাইট |
| সুবিধাভোগী দরিদ্র জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন | এমএফআই সদস্যদের সঞ্চয় বৃদ্ধি | কোটি টাকায় | ১৬৮০৪ | ১৯০০০ | ২০৫০০ | ২১৫০০ | ২২৫০০ | এমআরএ | এমআর এ এর বার্ষিক প্রতিবেদন এবং ওয়েবসাইট |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমুহে পেশাদারিত্ব এবং আর্থিক অন্তর্ভুক্তি ও শৃঙ্খলা শক্তিশালীকরণ | ২৮ | [১.১] হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন আইনের খসড়া জাতীয় সংসংদে প্রেরণ | [১.১.১] প্রস্তাব জাতীয় সংসদে প্রেরিত | তারিখ | ৪.০০ | | | ১২-০৬-২০১৮ | ১৯-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | ২৪-০৬-২০১৮ | ২৮-০৬-২০১৮ | | |
| | | [১.২] ফাইন্যান্স কোম্পানি আইন এর খসড়া জাতীয় সংসদে প্রেরণ | [১.২.১] প্রস্তাব জাতীয় সংসদে প্রেরিত | তারিখ | ৪.০০ | | | ১২-০৬-২০১৮ | ১৯-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | ২৪-০৬-২০১৮ | ২৮-০৬-২০১৮ | | |
| | | [১.৩] মানিলন্ডারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৩ সংশোধনপূর্বক নতুন বিধিমালা প্রণয়ন | [১.৩.১] গেজেটে প্রকাশ | তারিখ | ৪.০০ | | | ১২-০৬-২০১৮ | ১৯-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | ২৪-০৬-২০১৮ | ২৮-০৬-২০১৮ | | |
| | | [১.৪] আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক কর্মকর্তা ও কর্মচারী চাকুরি প্রবিধান মালা, ২০০৫ সংশোধন | [১.৪.১] গেজেটে প্রকাশিত | তারিখ | ৩.০০ | | | ১২-০৬-২০১৮ | ১৯-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | ২৪-০৬-২০১৮ | ২৮-০৬-২০১৮ | | |
| | | [১.৫] মোবাইল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ | [১.৫.১] বার্ষিক লেনদেনকৃত টাকার পরিমাণ | টাকা (হাজার কোটি) | ৩.০০ | ১৯৭.১৯ | ১৭০.৮৩ | ২০০ | ১৯৮ | ১৯৬ | ১৯৪ | ১৯২ | ২০৫ | ২১০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৬] কৃষিঋণ বিতরণ | [১.৬.১] বিতরণকৃত কৃষিঋণ | কোটি টাকা | ৩.০০ | ১৭৬৪৬.৩৯ | ১৫৮১০.৪২ | ১৯৮৫৬.০০ | ১৮৫০০.০০ | ১৮২৫০.০০ | ১৮০০০.০০ | ১৭৭৫০.০০ | ১৯৯০০ | ১৯৯৫০ |
| | | [১.৭] রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহে অনলাইন/ CBS ব্যবস্থা চালুকরণ | [১.৭.১] অনলাইন/ CBS ব্যবস্থার আওতাধীন মোট শাখা | সংখ্যা | ৩.০০ | ২৬২৪ | ৩২৮১ | ৩৭২৫ | ৩৬২৫ | ৩৫২৫ | ৩৪২৫ | ৩৩২৫ | | |
| | | [১.৮] এসএমই ঋণ বিতরণ ও আদায় | [১.৮.১] বিতরণকৃত এসএমই ঋণ | হাজার কোটি টাকা | ২.০০ | ১২০.৫৭ | ৬৫.০৫ | ১২৮.০০ | ১২৬.০০ | ১২৪.০০ | ১২২.০০ | ১১৯.০০ | ১৩০ | ১৩৫ |
| | | | [১.৮.২] আদায়কৃত এসএমই ঋণ | হাজার কোটি টাকা | ২.০০ | ৯৩.৫৩ | ৫৪.৯১ | ১০৮.০০ | ১০৬.০০ | ১০৪.০০ | ১০২.০০ | ১০০.০০ | ১১৭.৩০ | ১২৬.৬৮ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] পুঁজিবাজারের কার্যকারিতা বৃদ্ধিকরণ | ২২ | [২.১] সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন বিধিমালা, ২০০২ সংশোধন | [২.১.১] গেজেটে প্রকাশিত | তারিখ | ৩.০০ | | | ১০-০৬-২০১৮ | ১৮-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | ২৬-০৬-২০১৮ | ২৮-০৬-২০১৮ | | |
| | | [২.২] কর্পোরেট গভর্নেন্স গাইডলাইনস্ সংশোধন | [২.২.১] গেজেটে প্রকাশিত | তারিখ | ৩.০০ | | | ১৪-০৬-২০১৮ | ১৮-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | ২৬-০৬-২০১৮ | ২৮-০৬-২০১৮ | | |
| | | [২.৩] মূলধন উত্তোলন | [২.৩.১] সিকিউরিটিজ ইস্যু | সংখ্যা | ৩.০০ | ১০ | ১১ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ১৭ | ১৮ |
| | | [২.৪] পুঁজিবাজারে নতুন বিনিয়োগ বৃদ্ধি | [২.৪.১] নতুন বিনিয়োগের পরিমাণ | কোটি টাকায় | ৩.০০ | ২৮২৯ | ৪০০০ | ৪১০০ | ৪০৫০ | ৪০০০ | ৩৯৫০ | ৩৯০০ | ৪২০০ | ৪২৫০ |
| | | [২.৫] পুঁজিবাজার বিষয়ে প্রাতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রম | [২.৫.১] সার্টিফিকেট কোর্স সংখ্যা | সংখ্যা | ২.০০ | ১২ | ১২ | ১৩ | ১২ | ১১ | ১০ | ৯ | ১৪ | ১৫ |
| | | [২.৫] পুঁজিবাজার বিষয়ে প্রাতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রম | [২.৫.২] পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ব্যাচ সংখ্যা | সংখ্যা | ২.০০ | ২ | ২ | ২ | ১ | ০ | ০ | ০ | ২ | ২ |
| | | [২.৬] পুঁজিবাজারে বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ | [২.৬.১] প্রশিক্ষিত বিনিয়োগকারী | সংখ্যা | ৩.০০ | ৭২০ | ৪৫৩ | ১০০০ | ৯৫০ | ৯০০ | ০ | ০ | ১১০০ | ১২০০ |
| | | [২.৭] দেশব্যাপী ফাইন্যান্সিসিয়াল লিটারেসি কার্যক্রম বাস্তবায়ন | [২.৭.১] কার্যক্রমে অংশগ্রহণকারী | সংখ্যা | ৩.০০ | ০ | ০ | ৮০০০ | ৭৯৫০ | ৭৯০০ | ৭৮৫০ | ৭৮০০ | ৯০০০ | ৯৫০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] বীমা খাতে অন্তর্ভুক্তি বৃদ্ধি ও শৃঙ্খলা সুসংহতকরণ | ২০ | [৩.১] বিধিমালা/ প্রবিধানমালা জারি | [৩.১.১] গেজেট প্রকাশিত | সংখ্যা | ৮.০০ | ২ | ২ | ৪ | ৩ | ২ | ১ | | ৫ | ৫ |
| | | [৩.২] বীমা দাবি নিষ্পত্তি | [৩.২.১] নিষ্পত্তির হার | % | ৩.০০ | ৯১.৫৩ | ৬৪ | ৭৩ | ৭০ | ৬৮ | ৬৬ | ৬৪ | ৭৫ | ৭৫ |
| | | [৩.৩] বীমা বিষয়ে প্রশিক্ষণ প্রদান | [৩.৩.১] প্রশিক্ষিত জনবল | সংখ্যা | ৩.০০ | ৭৫১ | ২৯৭ | ১০০০ | ৯৫০ | ৯০০ | ৮৫০ | ৮০০ | ১০৫০ | ১১০০ |
| | | [৩.৪] বীমা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি | [৩.৪.১] ওয়ার্কশপ/ সেমিনার | সংখ্যা | ২.০০ | | ৩ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৭ |
| | | [৩.৫] বীমা কর্পোরেশন আইন প্রণয়ন | [৩.৫.১] প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | তারিখ | ৪.০০ | | | ১৫-০৪-২০১৮ | ৩০-০৪-২০১৮ | ১৫-০৫-২০১৮ | ৩১-০৫-২০১৮ | ১৫-০৬-২০১৮ | | |
| [৪] সুনিয়ন্ত্রিত ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্প্রসারণ ও পরিচালনায় সহায়তা জোরদার করা | ১০ | [৪.১] ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায় | [৪.১.১] বিতরণকৃত ক্ষুদ্রঋণ | কোটি টাকা | ৩.০০ | ৭১২০০ | ৭০৮০০ | ৮২০০০ | ৮১৫০০ | ৮১০০০ | ৮০৫০০ | ৮০০০০ | ৮৬০০০ | ৮৮০০০ |
| | | | [৪.১.২] আদায়কৃত ক্ষুদ্র ঋণ | কোটি টাকা | ৩.০০ | ৬৮৩০০ | ৬৩৯০০ | ৭৪০০০ | ৭৩৫০০ | ৭৩০০০ | ৭২৫০০ | ৭২০০০ | ৭৭০০০ | ৭৯০০০ |
| | | [৪.২] এমএফআই সুবিধাভোগীদের সংখ্যা বৃদ্ধি | [৪.২.১] সুবিধাভোগীর সংখ্যা | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | ২৬৩ | ২৮৭ | ২৯০ | ২৮৯ | ২৮৮ | | | ২৯১ | ২৯২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | [১.২.১] ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরে প্রণীত তালিকা অনুযায়ী কমপক্ষে দুটি করে অনলাইন সেবা চালু করা | [১.৩.১] ন্যূনতম দুটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৭ | ০৭-১২-২০১৭ | ১৪-১২-২০১৭ | ২১-১২-২০১৭ | ২৮-১২-২০১৭ | | |
| | | [১.৪] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | [১.৪.১] উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেস প্রস্তুতকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৭ | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | | |
| | | | [১.৪.২] উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | % | ১.০০ | | | ৪০ | ৩০ | ২৫ | ২০ | ১০ | | |
| | | [১.৫] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [১.৫.১] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| | | [১.৬] মন্ত্রণালয়/বিভাগের প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৬.১] তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.৬.২] শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫০ | | | ১১-০১-২০১৮ | ১৮-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ২৫-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | | |
| | | [১.৭] সিটিজেন্‌স চার্টার অনুযায়ী সেবা প্রদান | [১.৭.১] সিটিজেন্‌স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-১২-২০১৭ | ১৫-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ০৮-০২-২০১৮ | ২২-০২-২০১৮ | | |
| | | [১.৮] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৮.১] নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ০.৫০ | | | ১২ | ১১ | | | | | |
| | | | [১.৮.২] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ০.৫০ | | | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | | |
| [২] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৪ | [২.১] ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [২.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ২৩-০৪-২০১৭ | ২৪-০৪-২০১৭ | ২৫-০৪-২০১৭ | ২৬-০৪-২০১৭ | ২৭-০৪-২০১৭ | | |
| | | [২.২] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ০৮-০৮-২০১৭ | ১০-০৮-২০১৭ | ১৩-০৮-২০১৭ | ১৬-০৮-২০১৭ | ১৭-০৮-২০১৭ | | |
| | | [২.৩] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| | | [২.৪] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | ০১-০২-২০১৮ | ০৫-০২-২০১৮ | ০৬-০২-২০১৮ | | |
| | | [২.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [২.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-০৬-২০১৮ | ১৮-০৬-২০১৮ | ১৯-০৬-২০১৮ | ২০-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | [৩.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.২] স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগে কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | [৩.৩.১] কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| [৪] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | [৪.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.১.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৪.২] ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা | [৪.২.১] শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ১৩-০৭-২০১৭ | ৩১-০৭-২০১৭ | | | | | |
| | | [৪.৩] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করা | [৪.৩.১] ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৫.২] স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | [৫.২.১] স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | | |
| | | [৫.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

..........................................
সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

০৬.০৭.২০১৭
..........................................
তারিখ

..........................................
মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

..........................................
তারিখ

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | IPO (আইপিও) | Initial Public Offering |
| ২ | SDF (এসডিএফ) | স্যোশাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন |
| ৩ | BMDF (বিএমডিএফ) | বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড |
| ৪ | CBS (সিবিএস) | Core Banking Solution |
| ৫ | বিউনিক | বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ |
| ৬ | এমআরএ | মাইক্রোক্রেডিট এন্ড রেগুলেটরি অথরিটি |
| ৭ | BSEC (বিএসইসি) | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন |
| ৮ | এমএফআই | মাইক্রোফাইন্যান্স ইনস্টিটিউশন |
| ৯ | DSE (ডিএসই) | ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড |
| ১০ | CSE (সিএসই) | চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড |
| ১১ | বিআইসিএম | বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট |
| ১২ | FID(এফআইডি) | Financial Institution Division(আর্থিক প্রতিষ্ঠান বিভাগ) |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন আইনের খসড়া জাতীয় সংসংদে প্রেরণ | [১.১.১] প্রস্তাব জাতীয় সংসদে প্রেরিত | হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন আইনের খসড়া জাতীয় সংসদে প্রেরণ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | জাতীয় সংসদে প্রেরণের স্মারক | এফআইডি অফিস রেকর্ড |
| [১.২] ফাইন্যান্স কোম্পানি আইন এর খসড়া জাতীয় সংসদে প্রেরণ | [১.২.১] প্রস্তাব জাতীয় সংসদে প্রেরিত | ফাইন্যান্স কোম্পানি আইন এর খসড়া জাতীয় সংসদে প্রেরণ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | জাতীয় সংসদে প্রেরণের স্মারক | এফআইডি অফিস রেকর্ড |
| [১.৩] মানিলন্ডারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৩ সংশোধনপূর্বক নতুন বিধিমালা প্রণয়ন | [১.৩.১] গেজেটে প্রকাশ | মানিলন্ডারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৩ সংশোধনপূর্বক নতুন বিধিমালা প্রণয়ন | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | প্রকাশিত গেজেট | এফআইডি অফিস রেকর্ড |
| [১.৪] আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক কর্মকর্তা ও কর্মচারী চাকুরি প্রবিধান মালা, ২০০৫ সংশোধন | [১.৪.১] গেজেটে প্রকাশিত | আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক কর্মকর্তা ও কর্মচারী চাকুরি প্রবিধান মালা, ২০০৫ সংশোধন গেজেটে প্রকাশ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | প্রকাশিত গেজেট | এফআইডি অফিস রেকর্ড |
| [১.৫] মোবাইল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ | [১.৫.১] বার্ষিক লেনদেনকৃত টাকার পরিমাণ | মোবাইল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ | বাংলাদেশ ব্যাংক, সরকারি-বেসরকারি সকল ব্যাংক | বার্ষিক প্রতিবেদন | বাংলাদেশ ব্যাংক/এফআইডি বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] কৃষিঋণ বিতরণ | [১.৬.১] বিতরণকৃত কৃষিঋণ | কৃষি উন্নয়ন বৃদ্ধির জন্যে সরকারি ও বেসরকারি ব্যাংকের মাধ্যমে কৃষকদের মাঝে ১৯,৮৫৬ কোটি টাকা কৃষিঋণ বিতরণ করা হবে | বাংলাদেশ ব্যাংক, সরকারি-বেসরকারি সকল ব্যাংক | বার্ষিক প্রতিবেদন | বাংলাদেশ ব্যাংক/ এফআইডি বার্ষিক প্রতিবেদন |
| [১.৭] রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহে অনলাইন/ CBS ব্যবস্থা চালুকরণ | [১.৭.১] অনলাইন/ CBS ব্যবস্থার আওতাধীন মোট শাখা | সরকারি ৬টি বাণিজ্যিক ব্যাংকের ৩৭২৫টি (ক্রমপুঞ্জিভুত) শাখা অনলাইন ব্যবস্থার আওতায় আনা হবে। | বাংলাদেশ ব্যাংক, সরকারি সকল ব্যাংক | বার্ষিক প্রতিবেদন | বাংলাদেশ ব্যাংক/এফআইডি বার্ষিক প্রতিবেদন |
| [১.৮] এসএমই ঋণ বিতরণ ও আদায় | [১.৮.১] বিতরণকৃত এসএমই ঋণ | ক্ষুদ্র ও মাঝারি শিল্প বিকাশের জন্য ১২৮ হাজার কোটি টাকার এসএমই ঋণ বিতরণ করা হবে | বাংলাদেশ ব্যাংক, সরকারি-বেসরকারি সকল ব্যাংক | বার্ষিক প্রতিবেদন | বাংলাদেশ ব্যাংক/এফআইডি বার্ষিক প্রতিবেদন |
| | [১.৮.২] আদায়কৃত এসএমই ঋণ | একই সময়ে ১০৮ হাজার কোটি টাকার এসএমই ঋণ আদায় করা হবে | বাংলাদেশ ব্যাংক, সরকারি-বেসরকারি সকল ব্যাংক | বার্ষিক প্রতিবেদন | বাংলাদেশ ব্যাংক/এফআইডি বার্ষিক প্রতিবেদন |
| [২.১] সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন বিধিমালা, ২০০২ সংশোধন | [২.১.১] গেজেটে প্রকাশিত | সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন বিধিমালা (উল্লেখযোগ্য শেয়ার অর্জন, অধিক গ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) ২০০২ এর সংশোধন করা হবে | বিএসইসি | প্রকাশিত গেজেট | বিএসইসি'র বার্ষিক প্রতিবেদন এবং ওয়েবসাইটে আপলোড, এফআইডি'র অফিস রেকর্ড |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.২] কর্পোরেট গভর্নেন্স গাইডলাইনস্ সংশোধন | [২.২.১] গেজেটে প্রকাশিত | কর্পোরেট গভর্নেন্স গাইডলাইনস্ সংশোধন করা হবে | বিএসইসি | প্রকাশিত গেজেট | বিএসইসি'র বার্ষিক প্রতিবেদন এবং ওয়েবসাইটে আপলোড, বিএফআইডি অফিস রেকর্ড |
| [২.৩] মূলধন উত্তোলন | [২.৩.১] সিকিউরিটিজ ইস্যু | ১৫টি সিকিউরিটিজ ইস্যুকরণের মাধ্যমে মূলধন উত্তোলন | বিএসইসি | বার্ষিক প্রতিবেদন | বিএসইসি এর বার্ষিক প্রতিবেদন এবং ওয়েবসাইট |
| [২.৪] পুঁজিবাজারে নতুন বিনিয়োগ বৃদ্ধি | [২.৪.১] নতুন বিনিয়োগের পরিমাণ | পুঁজিবাজারে ৪১০০ কোটি টাকা নতুন বিনিয়োগ | বিএসইসি | বার্ষিক প্রতিবেদন | বিএসইসি এর বার্ষিক প্রতিবেদন এবং ওয়েবসাইট |
| [২.৫] পুঁজিবাজার বিষয়ে প্রাতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রম | [২.৫.১] সার্টিফিকেট কোর্স সংখ্যা | প্রাতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রম সম্পন্নের জন্য ১৩টি সার্টিফিকেট কোর্স সম্পন্ন | বিআইসিএম | সার্টিফিকেট কোর্সের সংখ্যা | বিআইসিএম/ বিএসইসি/এফআইডি এর বার্ষিক প্রতিবেদন |
| | [২.৫.২] পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ব্যাচ সংখ্যা | প্রাতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রম সম্পন্নের জন্য ২টি পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ব্যাচ চালু | বিআইসিএম | ডিপ্লোমা ব্যাচ সংখ্যা | বিআইসিএম/ বিএসইসি/এফআইডি এর বার্ষিক প্রতিবেদন |
| [২.৬] পুঁজিবাজারে বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ | [২.৬.১] প্রশিক্ষিত বিনিয়োগকারী | পুঁজিবাজারে সচেতনতামূলক প্রশিক্ষণের লক্ষ্যে ১০০০ জন বিনিয়োগকারীকে প্রশিক্ষণ প্রদান সম্পন্ন | বিএসইসি | বার্ষিক প্রতিবেদন | বিএসইসি এর ওয়েবসাইট |
| [২.৭] দেশব্যাপী ফাইন্যান্সিসিয়াল লিটারেসি কার্যক্রম বাস্তবায়ন | [২.৭.১] কার্যক্রমে অংশগ্রহণকারী | দেশব্যাপি ফাইন্যান্সিসিয়াল লিটারেসি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ৮০০০ জন অংশগ্রহণকারী নিশ্চিত করা | বিএসইসি | বার্ষিক প্রতিবেদন | বিএসইসি এর ওয়েবসাইট |
| [৩.১] বিধিমালা/ প্রবিধানমালা জারি | [৩.১.১] গেজেট প্রকাশিত | বীমা সংক্রান্ত ৪টি বিধিমালা ও প্রবিধানমালা জারিকরণ | এফআইডি এবং বীউনিক | প্রকাশিত গেজেট | বিআইএ/এফআইডি ওয়েবসাইট |
| [৩.২] বীমা দাবি নিষ্পত্তি | [৩.২.১] নিষ্পত্তির হার | লাইফ ও নন লাইফ বীমা পলিসি গ্রাহকদের ৭৩% বীমা দাবি নিষ্পত্তি করা হবে | এফআইডি এবং বীউনিক | প্রকাশিত গেজেট | বিআইএ/এফআইডি ওয়েবসাইট |
| [৩.৩] বীমা বিষয়ে প্রশিক্ষণ প্রদান | [৩.৩.১] প্রশিক্ষিত জনবল | বিআইএ কর্তৃক আয়োজিত প্রশিক্ষণের মাধ্যমে বীমা খাতে কর্মরত ১০০০ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান | বিআইএ/এফআইডি | বার্ষিক প্রতিবেদন | বিআইএ/এফআইডি বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] বীমা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি | [৩.৪.১] ওয়ার্কশপ/ সেমিনার | বীমা বিষয়ে ৫টি ওয়ার্কশপ/সেমিনার আয়োজন | এফআইডি এবং বীউনিক | বার্ষিক প্রতিবেদন | বীউনিক/এফআইডি বার্ষিক প্রতিবেদন |
| [৩.৫] বীমা কর্পোরেশন আইন প্রণয়ন | [৩.৫.১] প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | ১৫/০৪/২০১৮ তারিখের মধ্যে বীমা কর্পোরেশন আইনের খসড়া মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | এফআইডি | মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের স্মারক | এফআইডি অফিস রেকর্ড |
| [৪.১] ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায় | [৪.১.১] বিতরণকৃত ক্ষুদ্রঋণ | এমএফআই সদস্যদের মধ্যে ৮২,০০০ কোটি টাকা ঋণ বিতরণ কার্যক্রম সম্পন্ন | এমআরএ | বার্ষিক প্রতিবেদন | এমআরএ/এফআইডি বার্ষিক প্রতিবেদন |
| | [৪.১.২] আদায়কৃত ক্ষুদ্র ঋণ | একই সময়ে এমএফআই সদস্যদের নিকট হতে ৭৪,০০০ কোটি টাকা ঋণ আদায় করার ব্যবস্থা গ্রহণ | এমআরএ | বার্ষিক প্রতিবেদন | এমআরএ/এফআইডি বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.২] এমএফআই সুবিধাভোগীদের সংখ্যা বৃদ্ধি | [৪.২.১] সুবিধাভোগীর সংখ্যা | এমএফআই সুবিধাভোগীদের সংখ্যা ২৮৭ লক্ষ হতে ২৯০ লক্ষতে উন্নীতকরণ | এমআরএ | বার্ষিক প্রতিবেদন | এমআরএ/এফআইডি |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বিভাগ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | গেজেটে প্রকাশিত,প্রস্তাব জাতীয় সংসদে প্রেরিত,প্রস্তাব জাতীয় সংসদে প্রেরিত,গেজেটে প্রকাশ,গেজেটে প্রকাশিত,গেজেটে প্রকাশিত,গেজেট প্রকাশিত | ভেটিং প্রদান | রুলস অব বিজনেস অনুযায়ী মতামত গ্রহণ প্রয়োজন | যথাসময়ে মতামত পাওয়া না গেলে লক্ষ্যমাত্রা অর্জিত হবে না |